

Prime Minister's Meeting with the Prime Minister of Singapore

October 30, 2021

সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

30 অক্টোবর, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইতালীর রোমে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ৩০ অক্টোবর সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী মিঃ লি সিয়াং লুঙ-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন।

কোভিড পরবর্তী সময়ে এটি তাঁদের প্রথম ব্যক্তিগত স্তরে সাক্ষাৎ। উভয় নেতা জলবায়ু পরিবর্তন প্রতিরোধে আন্তর্জাতিক স্তরে উদ্যোগ এবং আসন্ন সিওপি২৬ সম্মেলন নিয়ে আলোচনা করেন। আলোচনায় দ্রুত টিকাকরণের মধ্য দিয়ে কোভিড-১৯ মহামারীকে প্রতিহত করার বিষয় নিয়েও কথা হয়েছে। এছাড়াও তাঁরা গুরুত্বপূর্ণ ওষুধের সরবরাহ নিশ্চিত করার প্রসঙ্গে সহমত পোষণ করেছেন। ভারতে কোভিডের দ্বিতীয় ঢেউয়ের সময় সিঙ্গাপুর সাহায্য করায় প্রধানমন্ত্রী মিঃ লুং-কে ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী লুং শ্রী মোদীকে ভারতে দ্রুত টিকাকরণের জন্য অভিনন্দন জানান।

আলোচনায় দু-দেশের জনসাধারণের মধ্যে যোগাযোগ বাড়ানো এবং এক দেশ থেকে অন্য দেশে যাতায়াতের মাধ্যমে পরিস্থিতি স্বাভাবিক করার মতো বিষয়গুলি স্থান পেয়েছে।

রোম,

30 অক্টোবর, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.